

## ■ সহীহ ইবনু হিবান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭৮২

১৩. কিতাবুল হজ্জ (كتاب الحج)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কর্তৃক হজের ইহরামকে উমরাহতে পরিণত করার এই নির্দেশ সেই ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য, যিনি সাথে হাদী বা কুরবানীর পশু সাথে নিয়ে আসেননি; তার ক্ষেত্রে প্রযোজ্য নয়, যিনি সাথে কুরবানী পশু নিয়ে এসেছেন মর্মে বর্ণনা

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَمَرَ بِهَذَا الْأَمْرِ مَنْ لَمْ يَكُنْ مَعَهُ هَدِيٌّ سَاقَهُ دُونَ  
مَنْ كَانَ مَعَهُ الْهَدِي

আরবী

3782 - أَخْبَرَنَا عَلِيُّ بْنُ الْحُسَيْنِ بْنِ سُلَيْمَانَ الْعَدْلُ بِالْفُسْطَاطِ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ هِشَامٍ  
بْنُ أَبِي خَيْرَةَ حَدَّثَنَا أَبْنُ أَبِي عَدِيٍّ عَنْ دَاؤَدَ بْنِ أَبِي هِنْدَ عَنْ أَبِي نَضْرَةَ عَنْ أَبِي سَعِيدِ  
الْخُدْرِيِّ قَالَ: خَرَجْنَا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَصْرُخُ بِالْحَجَّ صُرَاخًا فَلَمَّا  
طُفِّنَا بِالْبَيْتِ قَالَ: (اجْعَلُوهَا عُمْرَةً إِلَّا مَنْ كَانَ مَعَهُ هَذِيْ) قَالَ: فَحَلَّنَا وَجَعَلْنَاهَا عُمْرَةً  
فَلَمَّا كَانَ غَدَاءَ التَّرْوِيَةِ صَرَخْنَا بِالْحَجَّ ثُمَّ انطَّلَقْنَا إِلَى مِنِيْ.

الراوي : أبو سعيد الخدري | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :

التعليق الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3782 | خلاصة حكم المحدث: صحيح - م (59 / 4).

বাংলা

৩৭৮২. আবু সাঈদ খুদরী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বের হই এমন অবস্থায় যে, আমরা জোরে জোরে হজের তালিবিয়া পাঠ করছিলাম। অতঃপর যখন আমরা বাইতুল্লাহর তাওয়াফ করি, তখন তিনি বলেন, “তোমরা এটাকে উমরাহতে পরিণত করে নাও। তবে সে ব্যক্তি নয়, যার সাথে হাদী বা কুরবানীর পশু রয়েছে।” রাবী বলেন, “অতঃপর আমরা হালাল হয়ে যাই এবং এটাকে উমরাহতে পরিণত করে নেই। অতঃপর যখন তারবিয়ার দিন (৮ই যুল হিজ্জাহ) ভোর হয়, তখন আমরা জোরে জোরে হজের তালিবিয়া পাঠ করি। তারপর আমরা মিনায় গমন করি।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/৫; সহীহ মুসলিম: ১২৪৭; সুনান বাইহাকী: ৫/৩১।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুল্দিন আলবানী  
রহিমাহল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তালীকাতুল হিসান: ৩৭৮২)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু সাইদ খুদরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93121>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন